



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৭.২১.০০৯.২০০৩-২২২

তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, সিলেট।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১. সার ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং- ১২.২৪৩.০১৮.০৭.২১.০০৯.২০০৩-১৯১৯ তারিখঃ ১৮/০৬/২০১৯ খ্রিঃ।
২. সার ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-১২.২৪৩.০১৮.০৭.২১.০০৫.২০০৫-২২০৪ তারিখঃ ০৫/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অঞ্চলের আওতাধীন বিভিন্ন গুদাম ও স্থাপনার অবৈধ দখলদার উচ্ছেদসহ বকেয়া ভাড়া আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন দফায় পত্র দেয়া হয়। এমনকি করণীয় সম্পর্কে অর্থ্যাৎ ২১/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণপূর্বক পদক্ষেপ গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হয়। কিন্তু এরপরও আপনার দপ্তর হতে অযাচিতভাবে দিক নির্দেশনা চাওয়া হলে সে বিষয়ের উপর আপনাকে ইতোমধ্যে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে সতর্ক করা হয়।

০২. অন্যদিকে সূত্রে বর্ণিত স্মারকের অবৈধ দখলদার উচ্ছেদসহ বকেয়া ভাড়া আদায়ে আপনার দপ্তর হতে কেন ব্যবস্থা গৃহীত হয়নি। সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি আপনার দপ্তর হতে কোনরূপ ব্যাখ্যা পাওয়া যায়নি।

০৩. এছাড়া ২ নং সূত্রে বর্ণিত স্মারক মোতাবেক যাচিত তথ্যাদিও আপনার দপ্তর হতে লিখিতভাবে পাওয়া যায়নি। সুতরাং সার্বিক অবস্থা পর্যালোচনা করলে আপনার উদাসীনতা ও অবহেলা পরিলক্ষিত হচ্ছে বলে প্রতীয়মান হয়।

০৪. এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না এর ব্যাখ্যা আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

- ০১। সূত্র্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ০২। প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি।